

এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

পূর্ণমান: ১০০

সময়: ৩ ঘন্টা

দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রস্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।।

১. (ক) উদাহরণসহ 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:

অতঃপর, ব্রহ্মপুত্র, অধ্যক্ষ, পদ্য, সংগ্রহ, প্রজ্ঞা, মিষ্টি, গ্রীষ্মকাল।

২. (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে 'অ-তৎসম' শব্দের যেকোনো পাঁচটি বানান সূত্র উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো:

বিবাদমান, ভয়ীভূত, বয়ঃজেষ্ট্য, ঐক্যমত, সন্ধিহান, সম্বর্ধনা, স্বর্নালী, নুপুর।

৩. (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শব্দ শ্রেণি নির্দেশ করো:
যেকোনো পাঁচটি

i. পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।

ii. পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।

iii. ওরে, তুই কোথায় চললি?

iv. যেখানে হাজারো মানুষ ক্ষুধায় মরছে, সেখানে খাদ্য মজুদ রাখা অন্যায়।

v. কাজটি ভালোভাবে সম্পন্ন হয়েছে।

vi. কোথায়ও আমার হারিয়ে যাওয়ার নেই মানা।

vii. উচ্চপদ ও সামাজিক মর্যাদা সকলে চায়।

viii. সে নিজে ছবিটা ঐকেছে।

৪. (ক) উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে— আলোচনা
করো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়
করো:

মেঠো, ঘাতক, বুদ্ধিমান, নগ্নর, সৈন্য, বার্ষিক, সৌন্দর্য, সৃষ্টি।

৫. (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ
উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি বাক্য রূপান্তর করো:

i. চুল পাকলেও তার বুদ্ধি পাকেনি। (যৌগিক)

ii. কর্মরত ব্যক্তিকে বিরক্ত করো না। (জটিল)

iii. এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)

iv. মামা জীবনে হাবড়ার পুল পার হন নি। (প্রশ্নবাচক)

v. যদি সাফল্য চাও তাহলে পরিশ্রম করো। (যৌগিক)

vi. কী ভয়ংকর ঘটনা। (নির্দেশাত্মক)

vii. বাঘ দেখতে অত্যন্ত চমৎকার। (আশ্চর্যবোধক)

viii. নূরুল হুদা অবাক হয়ে গেল এবং শুধু তাকিয়ে থাকল। (সরল)

৬. (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i. আলফাজ অথবা মুন্না নিজেরা গোলটি করেছে।

ii. বৃষ্টিতে তার আপদমস্তক পর্যন্ত ভিজে গেছে।

iii. অনাথিনী মেয়েটি অত্যন্ত অসহায়।

iv. দেশের সকল আলেমগণ অপব্যর্থতার বিরুদ্ধে।

v. দারিদ্র্যতাকে জয় করতে তোমার ইচ্ছাই যথেষ্ট।

- vi. শুধুমাত্র টাকার জোরে সবকিছু হয় না।
- vii. আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি।
- viii. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ কর:

নির্বাচিত কবিতাটি বাছাই কর এবং আবৃত্তি করে পড়। অনেকে মনে করেন যে, কবিতাটি অত্যন্ত ভাবগভীর। কিছু কিছু ক্ষেত্রে এর ভাষার দৈন্যতাও আছে। তবে এর বিষয়বস্তু যে ভয়ংকর সুন্দর তাতে কোনো সন্দেহ নেই। সমকাল সম্পর্কে এ কবিতাটি সবাইকে সচেতন করবে।

৭. (ক) যেকোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখো: ১০

Lien, Acting, Ambassador, Bibliography, Census, Home Ministry, Internal, Key-word, Manuscript, Market, pirce, Name-plate, Ordinance, Paradox, Penalty, Refugee.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:

A newspaper is a store-house of knowledge. We can know the condition, manners and customs of other countries of the world from newspaper. It is in fact the summary of all current history. It supplies information to all classes of people. The businessman finds the condition of the world market about his goods.

৮. (ক) কোনো ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

অথবা, (খ) তোমার কলেজের গ্রন্থাগার সম্পর্কে একটি প্রতিবেদন লেখো।

৯. (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে উপদেশ দিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখো। ১০

অথবা, (খ) মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা করো।

১০. (ক) সারমর্ম লেখো:

১০

কহিল মনের খেদে মাঠ সমতল
মাঠ ভরে দেই আমি কত শস্য ফল
পর্বত দাঁড়ায়ে রহে কি জানি কি কাজ
পাষাণের সিংহাসনে তিনি মহারাজ
বিধাতার অবিচার কেন উঁচু-নিচু
সে কথা বুঝিতে আমি নাহি পারি কিছু।
গিরি কহে সব হলে সমতল পারা,
নামিত কি ঝরনার সুমঙ্গল ধারা?

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

১১. (ক) ভাষা আন্দোলন নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) প্রদত্ত দৃশ্যপট অবলম্বনে একটি খুদে গল্প লেখো:

রেহনুমা যখন বাড়ি পৌছল বেলা তখন অনেকটাই গড়িয়েছে।
সদর দরজায় ধাক্কা দিতেই খুলে গেল। অবাক রেহনুমা তাকিয়ে
দেখল.....

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো:

২০

- ক. আধুনিক জীবন ও প্রযুক্তি;
- খ. পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
- গ. রোহিঙ্গা সমস্যা;
- ঘ. জাতি গঠনে নারী সমাজের ভূমিকা;
- ঙ. বর্ষণমুখর সন্ধ্যা।